

স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

বাংলা

কোর্স : পি জি - ১.২

বিষয় : বাংলা সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও:

১০×৩=৩০

১। বাংলায় সেন রাজত্বের সমকালে কৃষকখার বিস্তারের পাশাপাশি বহুমাত্রিক জ্ঞানচর্চার কীভাবে বিস্তার ঘটেছিল আলোচনা করো।

১০

(অথবা)

২। বাংলা মঙ্গলকাব্যে জলপথে বাণিজ্যযাত্রার সূত্রে উল্লিখিত হয়েছে বাণিজ্যযাত্রার প্রস্তুতি, বাণিজ্যতরীর বিবরণ, বাণিজ্যের যাত্রাপথ এবং বস্তু-বদলের মতো প্রসঙ্গগুলি। বাণিজ্য সংক্রান্ত এই প্রসঙ্গগুলি তোমার মতে কতখানি ইতিহাসসম্মত যুক্তিসহ আলোচনা করো।

১০

BNG-1410

[Turn Over]

(2)
(অথবা)

- ৩। বাংলায় রামায়ণ, মহাভারত ও ভাগবত রচনায় মহাকাব্যিক ও পৌরাণিক আখ্যানের অনুসৃতি থাকলেও মধ্যযুগীয় বাংলার ধর্মীয় ও সামাজিক পরিস্থিতির গুরুত্বপূর্ণ দলিল হিসাবে এগুলির গুরুত্ব রয়ে গেছে। কাশীদাসী মহাভারতের প্রেক্ষিতে বিষয়টি বুঝিয়ে লেখো।
১০
- ৪। বাংলায় চৈতন্য-অনুবর্তী বৈষ্ণব ধর্ম মধ্যযুগের বাংলা সংস্কৃতিকে কতখানি প্রভাবিত করেছিল বলে তুমি মনে কর? দৃষ্টান্তসহ আলোচনা করো।
১০

(অথবা)

- ৫। মধ্যযুগের বাংলায় মূলত স্মৃতিশাস্ত্র নির্ভর সমাজ গড়ে ওঠার পরেও গৌড়ীয় বৈষ্ণব সমাজে কীভাবে সাধারণ নারী ও স্ত্রী-গুরুদের গুরুত্ব প্রতিষ্ঠিত হয়েছিল সংক্ষেপে আলোচনা করো।
১০
- ৬। ইসলাম ভারতবর্ষে রাজশক্তি রূপে প্রতিষ্ঠিত হওয়ার ফলে দুই বিপরীত প্রকৃতি বিশিষ্ট সভ্যতার পরস্পর সম্পর্কের যে চালচিত্র পাওয়া যায় তা উদাহরণসহ লেখো।
১০

(অথবা)

- ৭। মুর্শিদকুলি খাঁ থেকে সিরাজউদ্দৌলার শাসনকাল পর্যন্ত বাংলার সমাজ-অর্থনীতি ও সংস্কৃতির যে প্রতিচ্ছবি পাওয়া যায় তার সংক্ষিপ্ত পরিচয় দাও।
১০

BNG-1410

[Continued]

(3)

- ৮। আরব-পারস্য সাহিত্যের প্রভাবে মধ্যযুগে বাংলায় জঙ্গনামা ও মর্সিয়া সাহিত্যের ধারা গড়ে উঠলেও বাংলার সাহিত্য-সংস্কৃতির উত্তরাধিকার তাকে ভিন্নভাবে পড়বার সুযোগ করে দিয়েছে। — এই মন্তব্যটি তুমি কীভাবে ব্যাখ্যা করতে চাইবে তা নিজের ভাষায় লেখো।
১০

(অথবা)

- ৯। নিচের যেকোনো দুটি বিষয়ের সংক্ষিপ্ত পরিচয় দাও: $৫ \times ২ = ১০$
- (ক) সৈয়দ সুলতান রচিত 'নবীবংশ'
- (খ) বাংলার সুফি কবিতা বা পদাবলি
- (গ) মধ্যযুগে বাংলার মুসলমান সমাজের গড়ন

★ ★ ★

BNG-1410

XX24(113)—180